দৈনিক জনকণ্ঠ

তারিখ ... MAR. 1 2 2000 ...
পৃষ্ঠা ... কলাম ...

# কাল নগরীর সর্বত্র ছিল লোডশেডিং ॥ এসএসসি পরীক্ষার্থীদের দুর্ভোগ

**স্টাফ রিপোর্টার ॥** শনিবার ছুটির দিন হওয়া সত্ত্বেও বিদ্যুত বিভ্রাট ও লোডশেডিং ছিল নগরীর সর্বত্র। ঘন ঘন লোডশেডিংয়ে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়ে। এসএসসি পরীক্ষার্থীরা পড়ে দুর্ভোগে। নগরীর বিভিন্ন এলাকা থেকে

(২- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

## কাল নগরীর সর্বত্র

(১২-এর পাতার পর)

বিদ্যুত বিভ্রাট ও লোডশেডিংয়ের খবর আসে।
জানা গেছে, শনিবার ডেসার কল্যাণপুরস্থ ৩৩ কেভি
সাবস্টেশন বিকল হয়ে পড়ে। উলন সাবস্টেশনের তিনটি
ট্রান্সফরমারের একটি এক মাস ধরেই বিকল। এ অবস্থায়
সন্ধ্যায় অন্য সাবস্টেশনের ওপর বর্ধিত চাপ পড়লে একে
একে ৩৩ কেভি সাবস্টেশনের অনেক ক'টি বন্ধ হয়ে যায়।
সান্ধ্য পিকে ডেসা'র ঘোষিত ৯৬ মেগাওয়াট
লোডশেডিংয়ের সঙ্গে যোগ হয় ৩৩ কেভি বন্ধের ফলে সৃষ্ট
৮০ মেগাওয়াট লোডশেডিং। দ্বিমুখী লোডশেডিংয়ের
আওতায় অনেক এলাকায় ঘণ্টার পর ঘন্টা বিদ্যুত ছিল না।
রামপুরা বনশ্রীবাসী অভিযোগ করেছেন, উলন সাবস্টেশনের
উচ্চ ক্ষমতার একটি ট্রান্সফরমার এক মাস বিকল হলেও
ডেসা তা মেরামতের প্রয়োজন বোধ করেনি। ফলে
খিলগাঁও, রামপুরা, বনশ্রী এলাকায় প্রতিদিনই সন্ধ্যার পর
থেকে দু'তিনবার বিদ্যুত চলে যাচ্ছে।
পিডিবি অবশ্য শনিবারের লোডশেডিংয়ের জন্য ডেসার দুর্বল
অবকাঠামোকেই দায়ী করেছে।